

ঢাবিতে আরও ৬ ভূয়া শিক্ষার্থী সনাক্ত ২০১ জনের ছাত্রত্ব বাতিল

॥ সাইদুর রহমান ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়ের তিন বিভাগে আরো ৬ ভূয়া শিক্ষার্থী সনাক্ত করা হয়েছে। এদের মধ্যে লোক প্রশাসন বিভাগের ২ জন, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের ২ জন এবং ভূগোল ও পরিবেশ বিভাগের ২ জন শিক্ষার্থী রয়েছে। গতকাল সোমবার ভূয়া ভর্তি সংক্রান্ত তথ্যানুসন্ধান কমিটির এক সভায় এ ৬ জন শিক্ষার্থীকে ভূয়া হিসাবে সনাক্ত করা হয়। এ নিয়ে বিশ্ববিদ্যালয়ে ভূয়া শিক্ষার্থীর সংখ্যা দাঁড়ালো ২০৭ জনে। ইতিমধ্যে আগে সনাক্ত হওয়া ২০১ জন শিক্ষার্থীর ছাত্রত্ব বাতিল করা হয়েছে।

তথ্যানুসন্ধান কমিটি সূত্র জানায়, হল ও ডিন অফিসের সহযোগিতায় এ ৬ শিক্ষার্থীর ভর্তির কাগজপত্র অসম্মতি ধরা পড়ে। সম্মতি জগন্নাথ হল কর্তৃপক্ষ ৪ শিক্ষার্থী ও বিজ্ঞান অনুষদ ২ জন শিক্ষার্থীর কাগজপত্র

যাচাইয়ের জন্য কমিটির কাছে পাঠায়। কমিটি প্রাথমিকভাবে এদের কাগজপত্র অসম্মতি বুঝে পায়। তাদের ভর্তি কেন বাতিল করা হবে না এ মর্মে শিগদির কারণ মূর্খানো নোটিশ পাঠানো হবে।

তথ্যানুসন্ধান কমিটির প্রধান ও বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি অধ্যাপক ড. আফয ইউসুফ হায়দার ইত্তেফাককে জানান, কমিটি প্রাথমিকভাবে কিছু ছাত্রের ভর্তির কাগজপত্র পরামিল পেয়েছে। তাদের শোকক করার জন্য সিন্ডিকেটকে অনুরোধ করা হবে। উল্লেখ্য, ২০০৬ সালের ডিসেম্বরে লোক প্রশাসন বিভাগে ১১ জন ভূয়া শিক্ষার্থী ধরা পড়লে প্রো-ভিসিকে প্রধান করে তথ্যানুসন্ধান কমিটি গঠন করা হয়। গত ১৪ মাসে কমিটি মোট ২০৭ জন শিক্ষার্থীকে ভূয়া হিসেবে সনাক্ত করে। এদের মধ্যে ৫৯ জন শিক্ষার্থী হাইকোর্টে রিট আবেদন করে শিক্ষা কার্যক্রমে অংশ নিয়ে।